জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং- ০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/৯২/১/৪২৫

তারিখ: ২৫শে শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ০৯ই আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

১৫/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৯৬তম সভার সুপারিশের পরিপ্রেক্ষিতে ১৯/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ২৩৭তম সভায় অনুমোদিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত আইন কলেজসমূহের শিক্ষক/কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগের নীতিমালা নিম্নরূপ:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত আইন কলেজ শিক্ষক/কর্মকর্তা-কর্মচারীদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন ২০২২

(জাতীয় বিশ্ববিদ্যালয় আইন ১৯৯২ এর ৪৭ ধারা এবং আইনের তফসিলের ২নং সংবিধি অনুযায়ী প্রণীত রেগুলেশন)

ভূমিকা (Preamble)

যেহেতু আইন শিক্ষার বিষয়টির বিশেষ চাহিদা রয়েছে;

এবং যেহেতু উক্ত কলেজসমূহ বা তাহার সহিত জড়িত শিক্ষক/কর্মকর্তা-কর্মচারীগণ সরকারী কোন বেতন/ভাতা ভোগী নন;

এবং যেহেতু বিদ্যমান বেসরকারী কলেজ শিক্ষকদের চাকুরির শর্তাবলী রেগুলেশন (সংশোধিত) ২০১৯-এ পৃথকভাবে আইন কলেজের শিক্ষকদের চাকুরির শর্তাবলী বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা নাই;

এবং যেহেতু উপরোক্ত বিষয়ে একটি পৃথক ও সুস্পষ্ট নীতিমালা প্রণীত হইলে তাহা আইন শিক্ষার গুণগত মানোন্নয়নে সহায়ক হইবে।

সেহেতু এতদ্বারা নিম্নরুপ রেগুলেশন প্রণয়ন করা হইলো:

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ:**

(ক) এই রেগুলেশন জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত 'আইন কলেজ শিক্ষক/কর্মকর্তা-কর্মচারীদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন ২০২২' নামে অভিহিত হইবে।

(খ) এই রেগুলেশন সিন্ডিকেট সভায় অনুমোদিত এবং সিনেট কর্তৃক অনুসমর্থিত হওয়ার পর কার্যকরী হইবে।

২। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই রেগুলেশনে

(ক) 'কলেজ' অর্থ অধিভুক্ত আইন কলেজ;

(খ) 'গভর্নিং বডি' অর্থ আইন কলেজের গভর্নিং বডি যাহা বিশ্ববিদ্যালয়ের ৩ নং সংবিধি অনুসারে গঠিত ও নিয়ন্ত্রিত;

(গ) 'অধ্যক্ষ' অর্থ আইন কলেজের প্রধান;

(ঘ) 'উপাধ্যক্ষ' অর্থ আইন কলেজের উপাধ্যক্ষ;

(ঙ) 'শিক্ষক' অর্থ আইন কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ সহ পাঠদানে নিয়োজিত সকল শিক্ষক, কলেজের গ্রন্থাগারিক ও শিক্ষক হিসাবে গণ্য হইবেন।

(চ) 'কর্মকর্তা' অর্থ আইন কলেজের নিয়োজিত কর্মকর্তা;

(ছ) 'কর্মচারী' অর্থ আইন কলেজের নিয়োজিত কর্মচারী;

(জ) 'বিশ্ববিদ্যালয়' অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়;

(ঝ) 'কর্তৃপক্ষ' বলিতে জাতীয় বিশ্ববিদ্যালয় আইন ১৯৯২-এর ১৯ ধারায় বর্ণিত কর্তৃপক্ষকে বুঝাইবে।

৩। **শিক্ষক হিসাবে নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা:**

(ক) **অধ্যক্ষ:**

আইনে স্নাতকোত্তর বা যেকোন বিষয়ে স্নাতকোত্তরসহ আইনে স্নাতক ডিগ্রী এবং আইনজীবী বা বিচার বিভাগীয় বা আইন সংশ্লিষ্ট পদে ১২ বছরের পেশাগত অভিজ্ঞতা। বার-এট-ল'/সমমান ডিগ্রীধারীদের ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রীর শর্তের বিষয়টি শিথিলযোগ্য।

(খ) **উপাধ্যক্ষ:**

আইনে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী এবং আইনজীবী বা বিচার বিভাগীয় বা আইন সংশ্লিষ্ট পদে ১০ বছরের পেশাগত অভিজ্ঞতা।

(গ) **অধ্যাপক:**

আইনে স্নাতকোত্তর ডিগ্রীধারী এবং আইনজীবী বা বিচার বিভাগীয় বা আইন সংশ্লিষ্ট পদে ১০ বছরের পেশাগত ও আইন কলেজে ১০ বছরের পাঠদানের অভিজ্ঞতা। উচ্চতর ডিগ্রীধারীদের ক্ষেত্রে অগ্রাধিকার থাকিবে।

পদোন্নতির ক্ষেত্রে:

সহযোগী অধ্যাপক পদ হইতে অধ্যাপক পদে নিয়োগের জন্য ১২ (বারো) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

(ঘ) **সহযোগী অধ্যাপক:**

আইনে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী এবং আইনজীবী বা বিচার বিভাগীয় বা আইন সংশ্লিষ্ট পদে ০৭ বছরের পেশাগত ও আইন কলেজে ০৭ বছরের পাঠদানের অভিজ্ঞতা। উচ্চতর ডিগ্রীধারীদের ক্ষেত্রে অগ্রাধিকার থাকিবে।

পদোন্নতির ক্ষেত্রে:

সহকারী অধ্যাপক পদ হইতে সহযোগী অধ্যাপক পদে নিয়োগের জন্য ০৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে;

(ঙ) **সহকারী অধ্যাপক:**

আইনে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী এবং আইনজীবী বা বিচার বিভাগীয় বা আইন সংশ্লিষ্ট পদে ০৫ বছরের পেশাগত ও আইন কলেজে ০৫ বছরের পাঠদানের অভিজ্ঞতা। উচ্চতর ডিগ্রীধারীদের ক্ষেত্রে অগ্রাধিকার থাকিবে।

পদোন্নতির ক্ষেত্রে:

প্রভাষক পদ হইতে সহকারী অধ্যাপক পদে নিয়োগের জন্য ০৫ (পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে;

(চ) **প্রভাষক:**

আইনে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী এবং আইনজীবী বা বিচার বিভাগীয় বা আইন সংশ্লিষ্ট পদে ০৩ বছরের পেশাগত অভিজ্ঞতা।

(ছ) **গ্রন্থাগারিক/সহঃ গ্রন্থাগারিক:**

যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।

(জ) **কর্মকর্তা:**

কর্মকর্তা নিয়োগ ও চাকুরীর শর্তাবলী গভর্নিং বডি কর্তৃক নির্ধারিত হইবে।

(ঝ) **কর্মচারী:**

কর্মচারী নিয়োগ ও চাকুরীর শর্তাবলী গভর্নিং বডি কর্তৃক নির্ধারিত হইবে।

৪। **শিক্ষক নির্বাচনী কমিটি:**

(ক) কলেজের নিয়োগ নির্বাচনী কমিটি নিম্নরূপে গঠিত হইবেঃ

১. গভর্নিং বডির সভাপতি	- সভাপতি।
২. বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মনোনীত বিষয় বিশেষজ্ঞ	- ১ জন।
৩. গভর্নিং বডি কর্তৃক মনোনীত শিক্ষক	- ২ জন।
৪. সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ	- সদস্য-সচিব।

(খ) তবে জাতীয় সংসদ সদস্য ব্যতীত নিয়োগ নির্বাচনী বোর্ডের কোন সদস্যই আইনে স্নাতক ডিগ্রীধারীর নিচে হইতে পারিবেন না।

(গ) গভর্নিং বডির সিদ্ধান্তের ভিত্তিতে ২টি জাতীয় ও ১টি স্থানীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহবান করিতে হইবে।

(ঘ) সকল শিক্ষককে নির্বাচনী কমিটির সুপারিশের ভিত্তিতে গভর্নিং বডি নিয়োগ দান করিবে।
তবে অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমতি গ্রহণ করিতে হইবে।

৫। গভর্নিং বডি প্রত্যেক শিক্ষককে একটি নিয়োগপত্র প্রদান করিবে এবং এই পত্রে বেতন-ভাতার অংক ও নিয়োগের যাবতীয় শর্তাবলী উল্লেখ থাকিবে।

৬। **শিক্ষকের দায়িত্ব ও কর্তব্য:**

(ক) কলেজের শিক্ষকগণ সকল সময়ে সততা ও কর্তব্যপরায়ণতার সহিত দায়িত্ব পালন করিবেন এবং পদ সংক্রান্ত দায়িত্ব পালনে কঠোর ন্যায়পরায়ণ ও নিরপেক্ষ হইবেন;

(খ) কলেজের স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপের সহিত কোন কলেজ শিক্ষক নিজেকে জড়িত করিবেন না;

(গ) রাষ্ট্রের স্বার্থের পরিপন্থী/রাষ্ট্রবিরোধী কোন কাজে কোন শিক্ষক নিজেকে জড়িত করিবেন না;

(ঘ) একজন শিক্ষক নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবেনঃ

১) শিক্ষাক্রম ও পাঠ্যসূচী অনুযায়ী ক্লাস গ্রহণ ও মূল্যায়ন;
২) আলোচনা, সেমিনার ও মুট কোর্ট ট্রায়াল ইত্যাদির মাধ্যমে শিক্ষাদান;
৩) শিক্ষার্থীদেরকে নির্দেশনা ও পরামর্শ দান;
৪) পাঠ্যক্রম সম্পর্কিত কর্মকান্ডে কলেজ কর্তৃপক্ষকে সহায়তা দান;
৫) শিক্ষার্থী এবং কলেজের স্বার্থে অধ্যক্ষ অথবা গভর্নিং বডি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন;
৬) সাধারণভাবে জনসাধারণ ভোগ করিয়া থাকে এমন সব নাগরিক অধিকার চর্চার এবং সরকারি বা নির্বাচিত পদের জন্য যোগ্য বিবেচিত হইবার স্বাধীনতা শিক্ষকদের থাকিবে;
৭) সহ-পাঠক্রমিক কার্যক্রমে অংশগ্রহণ।

৭। **অবসর গ্রহণ ও চাকুরীর মেয়াদ বৃদ্ধি:**

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কোন আইন কলেজের কোন শিক্ষকের বয়স যেদিন ৬৫(পয়ষট্টি) বৎসর পূর্ণ হইবে সেই দিন তিনি শিক্ষকতা হইতে অবসর গ্রহণ করিবেন। তবে শর্ত থাকে যে, একজন শিক্ষকের বয়স ৬৫(পঁয়ষট্টি)

বৎসর অতিক্রম করিলেও গভর্নিং বডি কলেজের পাঠদানের স্বার্থে তাঁহাকে নিম্নবর্ণিত শর্তাধীনে তাঁহার কার্যকালের মেয়াদ বৃদ্ধি করিতে পারিবেন।

১. এইরূপ শিক্ষক রেজিস্টার্ড চিকিৎসক এর নিকট হইতে তাহার শারীরিক ও মানসিক সুস্থতা সম্পর্কে সন্তোষজনক প্রত্যয়ন পত্র গভর্নিং বডির নিকট দাখিল করিবেন। গভর্নিং বডি চাকুরীর মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করিয়া অনুমোদনের জন্য বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করিবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত হইলে মেয়াদ বৃদ্ধি পত্র জারি করা যাইবে।

২. এক সঙ্গে ২ (দুই) বৎসরের বেশি সময়ের জন্য চাকুরীর মেয়াদ বৃদ্ধি করা যাইবে না।

(খ) এইরূপ শিক্ষক রেজিস্টার্ড চিকিৎসক-এর নিকট হইতে তাঁহার শারীরিক ও মানসিক সুস্থতা সম্পর্কে সন্তোষজনক প্রত্যয়নপত্র দাখিল করিবেন।

(গ) অধ্যক্ষদের ক্ষেত্রে অবসর গ্রহণের বয়স হইবে ৬৭ বছর।

৮। **চাকুরী হইতে অব্যাহতি:**

কোন শিক্ষক স্বাস্থ্যগত কারণে শিক্ষকতার কার্যে অপারগ হইলে অথবা আর্থিক কারণে গভর্নিং বডি কোন শিক্ষককে কার্যে নিয়োজিত রাখিতে অসমর্থ হইলে সংশ্লিষ্ট শিক্ষককে অব্যাহতি দেওয়া যাইবে।

৯। অভিযোগ/শাস্তিমূলক ব্যবস্থা:

(ক) পেশাগত অসদাচরণ অথবা নৈতিকস্খলনের জন্য গভর্নিং বডি একজন শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে তাহাকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করিতে পারিবেন।

নিম্নলিখিত অভিযোগগুলি পেশাগত অসদাচরণ বলিয়া বিবেচিত হইবে:

১. কর্তব্যে অবহেলা বা ক্লাস গ্রহণে সময়ানুবর্তিতার অভাব থাকা;
২. বিনা অনুমতিতে কর্তব্য হইতে অনুপস্থিতি;
৩. অদক্ষতা;
৪. গভর্নিং বডির কোন বৈধ ও যুক্তিসঙ্গত নির্দেশ একাকী অথবা অন্যান্যদের সহযোগে অমান্য করা;
৫. রাষ্ট্রবিরোধী কোন কাজ বা কোন সম্পদ অপচয় করা বা কোন প্রকার বৈধক্ষমতা ব্যতীত ব্যবহার করা;
৬. এমন কোন কার্য যাহা গভর্নিং বডি অথবা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কলেজের স্বার্থ বিরোধী বলিয়া মনে করে;

(খ) কোন শিক্ষককে অব্যাহতি প্রদানের পূর্বে অভিযুক্ত শিক্ষককে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দান করিতে হইবে।

তবে শর্ত থাকে যে,

(গ) পেশাগত অসদাচরণ অথবা নৈতিকস্খলনের অভিযোগের বিষয়টি গভর্নিং বডি কর্তৃক নিযুক্ত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি দ্বারা তদন্ত করিতে হইবে।

তদন্ত কমিটির কাঠামো:

১. আহবায়ক (অধিভুক্ত কোন আইন কলেজের অধ্যক্ষ) - ১ জন।

২. গভর্নিং বডিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত বিদ্যোৎসাহী প্রতিনিধি - ১ সদস্য।

৩. কলেজের গভর্নিং বডিতে শিক্ষক প্রতিনিধি - ২ সদস্য।

৪. জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত সদস্য - ১ সদস্য।

বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি প্রাপ্তির পর তদন্ত কাজ সম্পন্নকরতঃ তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে গভর্নিং বডির সভায় সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে। বিশ্ববিদ্যালয় হইতে অনুমতি/নির্দেশনা প্রাপ্তির পরই অভিযুক্ত শিক্ষকের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যাইবে।

১০। **শাস্তির প্রকারভেদ:**

অপরাধের মাত্রা অনুসারে নিম্নের যে কোন এক বা একাধিক শাস্তি প্রদান করা যাইবে;

(ক) তিরস্কার;
(খ) বরখাস্তকরণ;
(গ) বেতন কর্তন;
(ঘ) পদাবনতি।

১১। **আপীল:**

একজন শিক্ষক দন্ডপ্রাপ্ত হইলে তিনি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর-এর নিকট এবং অধ্যক্ষ হইলে সিন্ডিকেটের চেয়ারম্যান-এর নিকট আপীল করিতে পারিবেন এবং ভাইস-চ্যান্সেলর ও সিন্ডিকেট যে সিদ্ধান্ত প্রদান করিবেন তাহাই সংশ্লিষ্ট সকলের জন্য চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। **ছুটি:**

অধ্যক্ষ একজন শিক্ষকের ছুটির আবেদন মঞ্জুর, না-মঞ্জুর অথবা মঞ্জুরকৃত ছুটির আদেশ প্রত্যাহার করিতে পারিবেন। অধ্যক্ষ/উপাধ্যক্ষ-এর যেকোন ছুটি এবং শিক্ষকদের শিক্ষা ছুটি নিতে হইলে গভর্নিং বডির নিকট আবেদন করিতে হইবে।

১৩। **ভাতা ও সুবিধাদি:**

কলেজ কর্তৃক শিক্ষকগণকে বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা প্রভৃতি সুবিধাদি কলেজের তহবিল হইতে প্রদান করিতে হইবে।

১৪। **রেগুলেশনে নাই এমন বিষয়সমূহ:**

এই রেগুলেশনে কোন বিষয় সম্পর্কে উল্লেখ না থাকিলে ঐ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গোচরে আনয়ন করিতে হইবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ শিক্ষকদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন (সংশোধিত) ২০১৯ এ আইন কলেজ সম্পর্কিত বিধানগুলি প্রস্তাবিত অত্র রেগুলেশন অনুমোদিত হইলে অকার্যকর বলিয়া গণ্য হইবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলর এর অনুমোদনক্রমে,

09.08.23

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
ফোন: ৯৯৬৬৯১৫১৬, ফ্যাক্স: ৯৯৬৬৯১৫৩৭
মোবাইল: ০১৭১১৮৮৯৯৬৯, আইপি: ২১২২১০৫
e-mail: registrar@nu.edu.bd

স্মারক নং-০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/৯২/১/৪২৫

তারিখ: ২৫শে শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ০৯ই আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (অফিস আদেশটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
৫. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সহকারী রেজিস্ট্রার, সকল প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. অফিস কপি।

০৯.০৮.২০২৩

(মোঃ শওকত আলম)
উপ-রেজিস্ট্রার (পরিষদ)
ফোন-৯৯৬৬৯১৫৫১, ফ্যাক্স-৯৯৬৬৯১৫৪৮
মোবাইল- ০১৭৩০৭৯৫৮৯৫, ০১৭৭৭০৬৯০৭০
e-mail: council@nu.edu.bd